

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮৩

১/ বিবিধ

আরবী

من أعيته المكاسب فعليه بتجارة الأنبياء – يعني الغنم – إنها إذا أقبلت (كذا الأصل) ،
وإذا أدبرت أقبلت ،
موضوع

رواه ابن عساكر (17 / 156 / 1 - 2) عن إسحاق بن بشر: أنبأنا مقاتل عن الضحاک
عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد
موضوع، مقاتل – وهو ابن سليمان البلخي المفسر – وإسحاق بن بشر كلاهما
كذاب، فأحدهما آفته. والضحاک – وهو ابن مزاحم – لم يسمع من ابن عباس

বাংলা

১৮৮৩। যাকে উপার্জন করা পরিশ্রান্ত করে ফেলে তার উচিত হচ্ছে নবীগণের ব্যবসা ধারণ করা অর্থাৎ ছাগল।
কারণ সে যখন আসা শুরু করে তখন আসতেই থাকে এবং যখন পিছু টান দেয় তখনও আসতে থাকে।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইবনু আসাকির (১৭/১৫৬/১-২) ইসহাক ইবনু বিশর হতে, তিনি মুকাতিল হতে, তিনি যহহাক হতে, তিনি
আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ
...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। কারণ মুকাতিল হচ্ছেন ইবনু সুলাইমান বলখী আলমুফাসসির,
তিনি এবং ইসহাক ইবনু বিশর তারা উভয়েই মিথ্যুক। তাদের দু'জনের একজনই এ হাদীসের সমস্যা।

আর যাহহাক ইবনু মুযাহিম আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে শ্রবণ করেননি ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72766>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন